

# Phone call between Prime Minister Shri Narendra Modi and H. E. Mr. Ferdinand Marcos Jr., President of the Philippines

August 05, 2022

## ফিলিপিন্স-এর রাষ্ট্রপতি মহামান্য মিঃ ফার্ডিন্যান্ড মার্কোস জুনিয়রের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে কথা

আগস্ট 05, 2022

ফিলিপিন্স-এর রাষ্ট্রপতি মহামান্য মিঃ ফার্ডিন্যান্ড মার্কোস জুনিয়রের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আজ টেলিফোনে কথা হয়েছে।

ফিলিপিন্স-এর সপ্তদশ রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী মিঃ মার্কোস জুনিয়রকে অভিনন্দন জানিয়েছেন।

উভয় নেতা দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্র পর্যালোচনা করেন এবং সাম্প্রতিক বছরগুলিতে আর্থিক সহযোগিতামূলক সম্পর্কের দ্রুত প্রসারিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

ভারতের ‘পূর্বে-র জন্য কাজ করো’ নীতি এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারতের দৃষ্টিভঙ্গির বিষয়ে ফিলিপিন্স-এর যে বড় ভূমিকা রয়েছে, সেকথা পুনরায় জোর দিয়ে বলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রগুলিকে আরও প্রসারিত করার ওপরও জোর দেন প্রধানমন্ত্রী।

ফিলিপিন্স-এর উন্নয়নে যাবতীয় প্রকল্প এবং কর্মসূচির ক্ষেত্রে ভারত সবরকম সহায়তা দেবে বলেও প্রধানমন্ত্রী ফিলিপিন্স-এর রাষ্ট্রপতি মিঃ ফার্ডিন্যান্ড মার্কোস জুনিয়রকে আশ্বস্ত করেছেন।

নতুন দিল্লী

আগস্ট 05, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.